গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ১৩৮৯

তারিখঃ ০৩ পৌষ' ১৪২৯
১৮ ডিসেম্বর' ২০২২

## "সভার বিজ্ঞপ্তি"

বিষয়ঃ **কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নিমিত্ত সভায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আলোকে এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত হালনাগাদকরণের নির্দেশনা রয়েছে। তদনুযায়ী কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভাপতি, অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে ২য় সভা আগামী ১৯-১২-২০২২ তারিখ, রোজ সোমবার, সকাল ১০.০০ ঘটিকায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। বর্ণিত সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৮/১২/২২

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
পক্ষে - কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

**কার্যার্থে বিতরণঃ**

১। অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।

**জ্ঞাতার্থে বিতরণঃ**

১। সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ), কারা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা ( ওয়েব সাইটে আপলোড অনুরোধসহ)।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার, স্টাফ অফিসার, ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি: কর্নেল শেখ সুজাউর রহমান
অতিরিক্ত কারা মহাপরিদর্শক।

সভার তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময়: সকাল ১০:০০ ঘটিকা।
স্থান: কারা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ডেপুটি জেলার জনাব মোঃ রুস্তম আলী কে অনুরোধ করেন। সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ **আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সংক্রান্ত সভায় প্রদত্ত নির্দেশনা।

১.১ **আলোচনা:** সদস্য সচিব সভায় জানান যে, গত ০৮.১২.২০২২ তারিখ সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সংক্রান্ত সভা অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জানানো হয় যে, কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশের ২ নং অনুচ্ছেদে বর্ণিত আপীল কর্মকর্তা অংশে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকা অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগের অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা জনাব ফারজানা সিদ্দিকা, উপসচিব, বাজেট-১ শাখা এর নাম উল্লেখ করতে হবে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবা প্রাপ্তির কোনো নির্ধারিত ফরম থাকলে তার লিংক দেওয়ার নির্দেশনা প্রদান করা হয় এবং তা পিডিএফ আকারে ওয়েবসাইটে প্রদর্শন করার নির্দেশনা প্রদান করা হয়। সভায় আরো জানানো হয় যে, ওয়েবসাইটে প্রদর্শিত সেবা প্রদান প্রতিশ্রুতিতে কারো স্বাক্ষর থাকার প্রয়োজন নেই, তবে মন্ত্রণালয়ে প্রেরিত হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সকল সদস্যের স্বাক্ষর থাকতে হবে।

১.২ **আলোচ্য বিষয়:** কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা, বদলি ও ছুটি সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম সংশোধন।

**১.৩** **আলোচনা:** সভাপতি সভায় জানান যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা হবেন অধিদপ্তর প্রধান বা তাঁর মনোনীত জ্যেষ্ঠ কর্মকর্তা। নির্দেশনা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতির অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশের ১ নং অনুচ্ছেদে সংশোধন আনা প্রয়োজন।অত:পর তিনি অন্য সদস্যদের মতামত আহবান করেন।

কমিটির সদস্য সহকারী কারা মহাপরিদর্শক মাইন উদ্দিন ভূইয়া জানান যে, অভ্যন্তরীণ সেবার ১ ও ২ নং অনুচ্ছেদে বদলি ও ছুটি প্রদানের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কারা মহাপরিদর্শক মহোদয়ের পাশাপাশি সচিব, সুরক্ষা সেবা বিভাগ মহোদয়ের নাম থাকা বাঞ্চনীয়। কেননা কোনো কোনো ছুটি ও বদলি কারা মহাপরিদর্শক এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ মহোদয় উভয়ের অনুমোদনক্রমে হয়ে থাকে।

অত:পর সভাপতি আলোচনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে হালনাগাদকরণসহ তা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য সকল সদস্যকে নির্দেশনা প্রদান করেন।

১.২ সিদ্ধান্ত: আলোচনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

১৯/১২/২২

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ১৯৩৫

তারিখঃ ০৪ পৌষ, ১৪২৯।
১৯ ডিসেম্বর, ২০২২।

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

১। জনাব সুরাইয়া আক্তার, কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ), কারা অধিদপ্তর, ঢাকা।

২। জনাব নাহিদা পারভীন, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া), কারা অধিদপ্তর, ঢাকা।

২। জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন ,সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।

৩। জনাব মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা।

৪। জনাব মোঃ রুস্তম আলী, ডেপুটি জেলার (প্রশাসন), কারা অধিদপ্তর, ঢাকা। (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের অনুরোধসহ)।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (সভার কার্যবিবরণী এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৯/১২/২২

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
পক্ষে - কারা মহাপরিদর্শক
aig.adm@prison.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) প্রতিবেদনঃ**

উপর্যুক্ত বিষয়ে কারা অধিদপ্তরের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে কমিটির সভাপতি জনাব কর্নেল শেখ সুজাউর রহমান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর সভাপতিত্বে সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কার্যক্রম গৃহীত হয়েছে:

১. কমিটির উল্লিখিত সিদ্ধান্তের আলোকে কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির অভ্যন্তরীণ সেবার বদলি/পদায়ন, বিভিন্ন প্রকার ছুটি মঞ্জুর, বিভাগীয় মামলার আপীল নিষ্পত্তি অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কারা মহাপরিদর্শক মহোদয়ের পাশাপাশি সচিব, সুরক্ষা সেবা বিভাগ মহোদয়ের নাম যুক্ত করা হয়েছে।

২. ৩ নং ক্রমিকে আওতাধীন দপ্তর সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতির লিংক সংযুক্ত করা হয়েছে।

২. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হিসেবে কর্নেল শেখ সুজাউর রহমান, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এর নাম এবং আপীল কর্মকর্তা হিসেবে জনাব ফারজানা সিদ্দিকা, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগের নাম যুক্ত করা হয়েছে।

২৯/১২/২২

শেখ সুজাউর রহমান
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
ও সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০৮.২২- ১৪২৯

তারিখঃ ১৪ পৌষ, ১৪২৯।
২৯ ডিসেম্বর, ২০২২।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
দৃ: আ: প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। (কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২৯/১২/২২

মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
aig.adm@prison.gov.bd

## কারা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা ও স্বাক্ষর:

সভাপতি : শেখ সুজাউর রহমান
অতিরিক্ত কারা মহাপরিদর্শক

তারিখ ও সময় : ১৯-১২-২০২২ সকাল ১০:০০ ঘটিকা

স্থান : কারা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | শেখ সুজাউর রহমান<br>সভাপতি<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01769970001 | [signature] 19/12/2022 |
| ০২ | জনাব মোসাঃ নাহিদা পারভীন<br>সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01769970050 | [signature] 19.12.2022. |
| ০৩ | জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন<br>সদস্য<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | | |
| ০৪ | জনাব মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01769970010 | [signature] ১৯/১২/২২ |
| ০৫. | জনাব মোঃ রুস্তম আলী<br>সদস্য সচিব<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি<br>কারা অধিদপ্তর, ঢাকা। | 01750608326 | [signature] ১৯.১২.২০২২ |